# ইন্টারন্যাশনাল এমিতে মনোনয়ন পেল ‘হাসিনা ৩৬ ডেজ ইন জুলাই’




ছবি: সংগৃহীত

বাংলাদেশের জুলাই আন্দোলন ও ওই সময়ের ৩৬ দিনের ঘটনাপ্রবাহ নিয়ে নির্মিত প্রামাণ্যচিত্র ‘হাসিনা: ৩৬ ডেজ ইন জুলাই’ ২০২৬ সালের ইন্টারন্যাশনাল এমি অ্যাওয়ার্ডসে মনোনয়ন পেয়েছে। আল জাজিরার ইনভেস্টিগেটিভ ইউনিটের নির্মাণটি ‘কারেন্ট অ্যাফেয়ার্স’ বিভাগে মনোনীত হয়েছে।

তথ্যচিত্রটির সঙ্গে যুক্ত অনুসন্ধানী সাংবাদিক জুলকারনাইন সায়ের সামাজিক যোগাযোগমাধ্যমে এক পোস্টে এ তথ্য জানান। সেখানে তিনি মনোনয়নকে বাংলাদেশের মানুষের স্বীকৃতি হিসেবে উল্লেখ করে জুলাইয়ের ৩৬ দিন পেরিয়ে আসা শিক্ষার্থী, শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের প্রতি এ সম্মান উৎসর্গ করেন। একই সঙ্গে ওই সময়ে নিহতদেরও স্মরণ করেন তিনি।

জুলকারনাইন সায়ের বলেন, অনেকে ব্যক্তিগত ঝুঁকি নিয়ে নিজেদের অভিজ্ঞতা ও সাক্ষ্য দিয়েছেন। তাদের সাহস ও আস্থার কারণেই তথ্যচিত্রটির গল্প আন্তর্জাতিক দর্শকের কাছে পৌঁছেছে।

LENS ASIA

তিনি জানান, বাংলাদেশের কোনো গল্পের ইন্টারন্যাশনাল এমিতে মনোনয়ন পাওয়া বিরল। সংশ্লিষ্টদের তথ্য অনুযায়ী, এর আগে ২০০৪ সালে বাংলাদেশি কিশোরদের নির্মিত ‘আমরাও পারি’ প্রামাণ্যচিত্রটি বিশেষ ইন্টারন্যাশনাল এমি সম্মাননা পেয়েছিল। এটি নির্মাণ করে একদল বাংলাদেশি কিশোর এবং এটিএন বাংলা তা প্রচার করে।

এই মনোনয়ন দেশের আরও সাংবাদিক ও চলচ্চিত্র নির্মাতার কাজ আন্তর্জাতিক পর্যায়ে তুলে ধরার সুযোগ বাড়াবে বলে আশা প্রকাশ করেন জুলকারনাইন সায়ের।

আগামী ২৩ নভেম্বর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে ইন্টারন্যাশনাল এমি অ্যাওয়ার্ডসের এবারের আসর বসবে। পুরস্কারের ফল যা-ই হোক, জবাবদিহি ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় তথ্যচিত্রটির কাজ কতটা ভূমিকা রাখতে পারল, সেটিই গুরুত্বপূর্ণ বলে মনে করেন তিনি।